



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে বসন্তোৎসব ১৪২৬ উদযাপিত



খাতুরাজ বসন্তকে বরণ উপলক্ষে ১৬ ফেব্রুয়ারি ২০১৯, রবিবার, সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের উদ্যোগে 'বসন্তোৎসব ১৪২৬' উদযাপন অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

অনুষ্ঠানের শুরুতে মহান ভাষা আন্দোলনে বীর শহীদদের প্রতি দাঁড়িয়ে সম্মান জানানো হয়। এরপর মঙ্গলপ্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা হয়।

ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো: গোলাম মোস্তফার সভাপতিত্বে উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রমের মধ্য দিয়ে বসন্ত বরণ উদযাপিত হয়।